তারিখ 6 FEB 2017
পৃষ্ঠা ৭ কলাম ৪

# স্বরূপকাঠিতে ২ শিক্ষক, ২ ছাত্র বহিষ্কার

■ **স্বরূপকাঠি (পিরোজপুর) প্রতিনিধি**

স্বরূপকাঠির এসএসসি পরীক্ষা কেন্দ্রে অনিয়মের অভিযোগে দুই শিক্ষক ও দুই ছাত্রকে বহিষ্কার করা হয়েছে। রোববার বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষা চলাকালে ইউএনও মো. আবু সাঈদ কলেজিয়েট একাডেমি কেন্দ্র পরিদর্শন করতে যান। এ সময় একটি কক্ষে চরম অনিয়ম ধরা পড়ে। সঙ্গে সঙ্গে কক্ষ পরিদর্শক বলদিয়া মলুহার মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মো. সেলিম হোসেন, সোহাগদল কেপিইউ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক দুলাল কৃষ্ণ মণ্ডলকে বহিষ্কার করার জন্য কেন্দ্র সচিবকে নির্দেশ দেন। এগার গ্রাম মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে দুই পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার করা হয়েছে। ইউএনও মো. আবু সাঈদ ওই শিক্ষকদের বহিষ্কারের নির্দেশ দিলেও কলেজিয়েট একাডেমি কেন্দ্রের সচিব দুপুর ২টা পর্যন্ত লুকোচুরির আশ্রয় নেন।